

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
সদর, জয়পুরহাট।

উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও কুইজ প্রতিযোগিতা উদযাপন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ মির্টন চন্দ্র রায়, উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট।
স্থান	ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, জয়পুরহাট।
তারিখ	ঃ ২৩/০১/২০১৯ খ্রি.
সময়	ঃ বিকাল ৩:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে কমিটির সভাপতি, উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার পত্র উপস্থিত সকল সদস্যকে পাঠ করে শুনান। প্রতিযোগিতার নিয়মাবলী নিম্নরূপঃ (১) প্রতিযোগিতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে (২) প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩ জন শিক্ষার্থী নিয়ে দল গঠিত হবে এবং দলীয়ভাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে (৩) উপজেলায় আয়োজিত কুইজ প্রতিযোগিতায় বিজয়ী প্রথম, ২য়, ও ৩য় স্থান অধিকারী দল জেলা পর্যায়ে অংশগ্রহণ করবে (৪) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা এবং জেলা পর্যায়ের প্রাথমিক বাছাইতে অংশগ্রহণকারী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিযোগী বাছাইয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আন্তরিকভাবে একটি প্রতিযোগিতা আয়োজন করবে। সে প্রতিযোগিতায় বিজয়ী প্রথম স্থান অধিকারী ঐ প্রতিষ্ঠানের দলের দলনেতা এবং দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী রানিংমেট প্রতিযোগী হিসেবে অংশগ্রহণ করবে (৫) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা এবং জেলা পর্যায়ের প্রাথমিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অংশগ্রহণকারীর নাম প্রেরণের সাথে প্রতিযোগিতার ফলাফল শীট (যথাযথ স্বাক্ষরিত) প্রেরণ করবে (৬) উপজেলা, জেলা এবং বিভাগীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতার পূর্বে অংশগ্রহণকারী দলগুলোকে নিয়ে প্রথমে একটি লিখিত পরীক্ষা নিতে হবে। পরীক্ষা শুরুর পূর্বে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একটি টিম প্রশ্ন প্রণয়ন করবে এবং ০১ ঘণ্টার ১০০ নম্বরের একটি লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা হতে উত্তীর্ণ প্রথম ০৮টি বিজয়ী দলকে নিয়ে ১২ নং অনুচ্ছেদের ফিকশার অনুযায়ী কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে (৭) ১০ নং অনুচ্ছেদে উল্লিখিত পরীক্ষার জন্য এমন প্রশ্নপত্র তৈরি করতে হবে যেন এক শব্দে বা এক লাইনে উত্তর দেয়া যায়। প্রতি দলের জন্য একটি প্রশ্নপত্র দিতে হবে যা দলের ৩ জন মিলে উত্তর তৈরি করবে (৮) বিচারক প্যানেল থেকে প্রাপ্ত প্রশ্ন মডারেটর নির্দিষ্ট ফ্রপের নিকট উপস্থাপন করবেন। উত্তর প্রদানের জন্য ঐ ফ্রপ ১৫ সেকেন্ড সময় পাবে। উত্তর সঠিক হলে ফ্রপের হিসেবে ৫ নম্বর যোগ হবে। আলোচ্য ফ্রপ উত্তর প্রদানে ব্যর্থ হলে বা ভুল উত্তর দিলে অপর ফ্রপকে প্রশ্নটি করতে হবে। সে ফ্রপ ৫ সেকেন্ডের মধ্যে উত্তর দিতে পারলে তাদের হিসেবে ৫ নম্বর বোনাস হিসেবে যোগ হবে। এভাবে পর্যায়ক্রমে প্রতি ফ্রপের জন্য প্রশ্ন উত্থাপন করে প্রতিযোগিতা পরিচালনা করতে হবে। প্রথম রাউন্ডের প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার পর দ্বিতীয় রাউন্ডের প্রতিযোগিতা শুরু করতে হবে। এ রাউন্ডে প্রতি ফ্রপকে দ্রুত ১০টি প্রশ্ন করা হবে এবং প্রতি ফ্রপ দ্রুত তার উত্তর দিবে। বাটপট রাউন্ডে প্রতি ফ্রপের প্রশ্ন ও উত্তর প্রক্রিয়া ০২ মিনিটে সম্পন্ন করতে হবে (৯) টাইব্রেকারে দল নির্বাচনঃ দুটি ফ্রপের প্রাপ্ত নম্বর সমান হলে টাইব্রেকারে অতিরিক্ত ১টি বা ২টি প্রশ্ন করে বিজয়ী দল নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে প্রশ্ন করার পর যে দল আগে বেল বাজাবে সে দল উত্তর দেয়ার সুযোগ পাবে। প্রদত্ত উত্তর ভুল হলে ২য় দল উত্তর দেয়ার সুযোগ পাবে (১০) পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, গণিত এবং তথ্যপ্রযুক্তি বিষয়ে সমান সংখ্যক প্রশ্ন প্রতি ফ্রপের জন্য নির্ধারিত থাকবে (১১) কেন্দ্রীয় পর্যায়ে বিজয়ী চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণ করা হবে, এ সাথে সেরা আয়োজক হিসেবে নির্ধারিত প্রতি বিভাগ থেকে বিভাগীয়/জেলা/উপজেলা প্রশাসনের একজন কর্মকর্তা এবং জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন দলের প্রতিষ্ঠানের গাইড শিক্ষক যার তত্ত্বাবধানে দলটি গঠিত বা দলটির প্রশিক্ষক কোচ হিসেবে নিয়োজিত তাঁকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণ করা হবে ও (১২) জেলা পর্যায়ের প্রতিযোগিতায় সবচেয়ে বেশি নম্বর যে দল পাবে সে দলের দলনেতাকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণ করা হবে। তবে একজন শিক্ষার্থী একবারই এ সুযোগ পাবে। অতঃপর উক্ত পত্রের আলোকে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়। যথা-

- ১। উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আগামী ২৯/০১/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় রামদেও বাজলা সরকারি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।
- ২। MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষার কুইজ প্রতিযোগিতার মাধ্যমে মূল্যায়ন করতে হবে এবং উত্তরপত্র কোডিং করতে হবে।
- ৩। প্রশ্ন প্রণয়ন কমিটি থাকবে।
- ৪। মূল বই থেকে প্রশ্ন করা হবে এবং পত্রের নির্দেশনা অনুযায়ী ১৭-১৮ অনুচ্ছেদ সহ পদার্থ, রসায়ন, জীব, গণিত ও আইসিটি বিষয়ে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ৫। পাঁচ সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে পত্র প্রণয়ন ও চূড়ান্ত প্রতিযোগিতা পরিচালনা ও জ্ঞান মূলক প্রশ্ন করতে হবে।
- ৬। ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির বই থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে।